

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
বরিশাল বিভাগীয় কার্যালয়  
রাজা বাহাদুর সড়ক, বরিশাল।  
[www.dncrp.gov.bd](http://www.dncrp.gov.bd)

বিষয় : সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা  
সভাপতি : জনাব খোন্দকার আমোয়ার হোসেন  
উপপরিচালক (উপসচিব)  
তারিখ : ২৭-১০-২০১৯খ্রি.  
সময় : সকাল ১১.০০টা  
স্থান : উপপরিচালকের অফিস কক্ষ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, বরিশাল।

সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক এ সংযোজিত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে (কাপড় ব্যবসায়ী) সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

ক্র. নং.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	<p>সভায় ব্যবসায়ীরা জানান, সাধারণত পণ্যের ধরণ ভেদে তারা ১০-২০% পর্যন্ত লাভ করে থাকেন। তারা জানান যে সকল পণ্য স্নো আইটেম হিসেবে বিক্রয় করা হয় যেমন বিয়ের শাড়ি, দামী ত্রিপিস, এগুলোতে ২৫% পর্যন্ত লাভ করে থাকেন। সুতি শাড়ি, দেশি সুতি ত্রিপিস এগুলোতে ৫-১০% লাভ করা হয়।</p> <p>ব্যবসায়ীরা জানান ভোক্তারা ইন্ডিয়ার তৈরি পণ্য কিনতে বেশী আগ্রহী, কিন্তু ইন্ডিয়া থেকে পণ্য আমদানীর ক্ষেত্রে অনেক সমস্যার সম্মুখীন হতে হয়। এজন্য তারা সরাসরি পণ্য আমদানী করতে পারেন না। তারা আমদানিকৃত পণ্য ঢাকা থেকে বরিশালে নিয়ে আসেন, একারণে তারা পণ্য আমদানী করার কাগজপত্র যথাযথভাবে দেখাতে পারেন না।</p> <p>সভায় একজন কাপড় ব্যবসায়ী জানান, অনেক ভোক্তা কাপড় কিনে ধোয়ার পরে রং উঠলে তাদের কাছে ফেরত দিতে নিয়ে আসেন, কিন্তু এক্ষেত্রে তারা কাপড় ফেরত নিতে পারেন না। কারন তারা নিজেরাও অনেকসময় জানেন না কোম কাপড় থেকে রং উঠবে আর কোনটা থেকে উঠবে না এবং কোম্পানীগুলোও ঐ কাপড় ফেরত নিতে ইচ্ছুক থাকেন না।</p> <p>জনাব মো: শাহু শোয়াইব মিয়া, সহকারী পরিচালক, বরিশাল জেলা কার্যালয় জানান, বরিশালে কাপড়ের মূল্য বেশি রাখা হয় মর্মে অনেক ভোক্তা মৌখিকভাবে অভিযোগ করেন। এ বিষয়ে ব্যবসায়ীরা জানান তারা বরিশালের বাজারে কাপড়ের মূল্য যৌক্তিক পর্যায়ে রেখেই ব্যবসা করেন খুব বেশি দাম তারা রাখেন না।</p>	<p>১। দোকানে একদর লেখা থাকলে একদরেই বিক্রি করতে হবে।</p> <p>২। প্রতিশ্রুতি অনুযায়ী পণ্য যথাযথভাবে সরবরাহ করতে হবে।</p> <p>৩। বিদেশী পণ্য আমদানীর কাগজপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।</p> <p>৪। মিথ্যা বিজ্ঞাপন দিয়ে ক্রেতাকে আকৃষ্ট করা যাবে না।</p> <p>৫। যৌক্তিক মূল্যে কাপড় বিক্রি করতে হবে। কাপড়ের মূল্য নির্ধারণ যাচাইয়ের জন্য ক্রয় রশিদ সংরক্ষণ করতে হবে।</p>	স্ব স্ব দোকান মালিক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

(খোন্দকার আমোয়ার হোসেন)

উপপরিচালক (উপসচিব)

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

বরিশাল বিভাগীয় কার্যালয়

ফোন: ০৪৩১-৬২০৪২


[dd-barisal@dncrp.gov.bd](mailto:dd-barisal@dncrp.gov.bd)

স্মারক নম্বর-২৬.০৪.০০০০.৮০১.৬৬.০০২.১৯-১৩২

তারিখ : ২৮-১০-২০১৯ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক (অতি. সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগ।
- ৩। অফিস কপি।

  
২৮/১০/১৯  
উপপরিচালক

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

বরিশাল বিভাগীয় কার্যালয়

ফোন: ০৪৩১-৬২০৪২

dd-barisal@dnrcrp.gov.bd

